

ফাতওয়া নম্বর:৪২২

প্রকাশকাল:২৪-১১-২০২৩ ইং

কাবা শরীফের ন্যায় সম্মানিত শিয়ার যুক্ত জায়নামাযে নামায পড়ার বিধান

প্রশ্নঃ

আমাদের জায়নামাযগুলোতে সাধারণত বিভিন্ন ফুল ও মিনারের ডিজাইন থাকে। কোনো কোনো জায়নামাযে কাবা শরীফ কিংবা মসজিদে নববীর চিত্র অঙ্কিত থাকে। আমার জনার বিষয় হলো, এসব জায়নামাযে বিশেষ করে কাবা শরীফ কিংবা মসজিদে নববীর চিত্র অঙ্কিত জায়নামাযে নামায পড়ার হুকুম কী?

-মুহাম্মদ জাহিদ হাসান

উত্তরঃ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

জায়নামায সাদামাটা হওয়া কাম্য। এমন জায়নামায ব্যবহার করা উচিত নয়, যার বাহরি ডিজাইন ও কারুকাজ নামাযীর মনোযোগ নষ্ট করতে পারে। ফুকাহায়ে কেবাম এমন জায়নামাযে নামায পড়া মাকরুহ বলেছেন। মসজিদে হারাম ও মসজিদে নববী শরীয়তের সম্মানিত শিয়ার ও নিদর্শন, যার সম্মান বজায় রাখা জরুরি। জায়নামাযে মসজিদে হারাম ও মসজিদে নববীর চিত্র পদদলিত করাও অনেকে আদব পরিপন্থি মনে করেন। তাছাড়া অঙ্গদের জন্য এটা বায়তুল্লাহর ইবাদতের সংশয় সৃষ্টি করে। সুতরাং এমন জায়নামায পরিহার করা কাম্য।

তবে এসব জায়নামাযে নামায আদায় করলে নামায সহীহ হয়ে যাবে।—
তাবয়ীনুল হাকায়িক: ১/১৬৬; ফতোয়া উসমানি: ১/৫১

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আল-মাহদি (উফিয়া আনছ)

৩০-০৪-১৪৪৫ হি.

১৫-১১-২০২৩ ই.

